

বেলকুচি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি/২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : এস.এম. সাইফুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ  
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ  
তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ সময় : বেলা ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" (হাজিরার ত্রুমানুসারে)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষে আইন শৃঙ্খলা রক্ষার কাজে পুলিশ, আনসার ভিডিপি, গ্রাম পুলিশ, নির্বাচন কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

অফিসার ইনচার্জ, বেলকুচি থানা উপস্থিত সকলকে অবহিত করেন যে, বর্তমানে বেলকুচি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় বেলকুচি উপজেলায় পঞ্চম উপজেলা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার আশা ব্যক্ত করেন। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সর্বস্তরের জনগণকে বাল্যবিবাহ, মদকসহ সকল প্রকার সমাজ বিরোধী কার্যক্রম বন্ধ করতে তথ্য দিয়ে সহযোগিতার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন বেলকুচি থানায় গত জানুয়ারি ২০১৯ মাসে ১২ টি মাদকের মামলাসহ মোট ১৬ টি মামলা হয়েছে।

তিনি সভায় বেলকুচি থানায় সংঘটিত জানুয়ারি/২০১৯ মাসের অপরাধ চিত্রের বিবরণ তুলে ধরেন যা নিম্নরূপ:

দ্রুত বিচার মামলা	বিফোরক	নারী শিশু নির্যাতন		খুন	ভাকাতি	অন্যান্য চুরি	জুয়া/পর্ণগ্রা-ফী/এসিড/অস্ত্র আইন	অন্যান্য খাতের মামলা	চোরাচালান	মাদক	সর্বমোট মামলা
		ধর্ষণ	অন্যান্য								
-	-	০১	-	-	-	-	০১	০১	০১	১২	১৬

বেলকুচি উপজেলায় সংঘটিত জানুয়ারি/২০১৯ মাসের ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত তথ্য বিবরণী নিম্নরূপঃ

ভোক্তা অধিকার	মটরযান অধ্যাদেশ	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন	বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন	বালু মহাল ও মাটি ব্যবস্থানা আইন	স্থানীয় সরকার পৌরসভা আইন	সর্বমোট
৪	১৪	-	০২	-	০৪	২৪

বেলকুচি উপজেলার ইউনিয়ন ওয়ারী জানুয়ারি/২০১৯ মাসের গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন

ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
বেলকুচি সদর	০২	১১	১৩	১০	০৩	
রাজাপুর	০৩	১৫	১৮	১৫	০৩	
ভাঙ্গাবাড়ি	০০	১১	১১	১০	০১	
দৌলতপুর	০০	১২	১২	১২	০০	
ধুকুরিয়াবেড়া	০৩	১১	১৪	১১	০৩	
বড়বুল	০০	১১	১১	১১	০০	
মোট	০৮	৭১	৭৯	৬৯	১০	

অতঃপর সভায় উপজেলার আইন-শৃঙ্খলা সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আইন শৃঙ্খলা সংক্রান্ত	বেলকুচি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ অপরাধ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং কেউ যেন কোন নাশকতা সৃষ্টি করতে না পারে সেজন্য সকলকে সজাগ থাকতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও অফিসার ইন-চার্জ
০২	মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে পৌরসভা, ইউনিয়ন, ও ওয়ার্ড পর্যায়ে সভা আয়োজন	১। পৌরসভা, ইউনিয়ন, ও ওয়ার্ড পর্যায়ে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী সভা নিয়মিত ভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। মাদক প্রতিরোধে চরাঞ্চলে টহল বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, মেয়র, অফিসার ইন-চার্জ, ইউপি চেয়ারম্যান (সকল), ওয়ার্ড সদস্য ও সংশ্লিষ্ট কমিটি
০৩	ইসলামি জালসা সংক্রান্ত	ইসলামি জালসার নামে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার উদ্দেশ্যে উচ্চনিমূলক বক্তব্য বন্ধ করতে শর্ত সাপেক্ষে ইসলামি জালসা/ওয়াজ মাহফিল/সভা সমাবেশের অনুমতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এমন বক্তব্য যেন না হয় সেজন্য স্থানীয় জনপ্রতিনিধিগণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, অফিসার ইনচার্জ, বণিক সমিতি, উপজেলা নির্বাচন অফিসার, ইউপি চেয়ারম্যান
০৪	অবৈধভাবে বালু উত্তোলন বন্ধকরণ	অবৈধভাবে বালু উত্তোলন বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং অবৈধভাবে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও অফিসার ইনচার্জ
০৫	গ্রাম আদালতের মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি	যে সমস্ত মামলাগুলো গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তি করা সম্ভব তা থানায় না পাঠিয়ে গ্রাম আদালতের মাধ্যমেই দ্রুত নিষ্পত্তি করার জন্য ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। গ্রাম আদালতে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি এবং নিয়মিতভাবে মাসের ০২ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ ইউপি চেয়ারম্যান (সকল)
০৬	বাল্য বিবাহ প্রতিরোধে সকলকে উদ্বুদ্ধকরণ	বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন স্কুল/কলেজে গিয়ে ছাত্র-ছাত্রী, অভিভাবক, কর্মকর্তা/কর্মচারীগণকে উদ্বুদ্ধকরণ, এর কুফল আলোচনা করা এবং বাল্য বিবাহে জড়িত অভিভাবক, ব্যক্তি ও কাজীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মেয়র, ইউপি চেয়ারম্যান (সকল), ওয়ার্ড সদস্য (সকল)
০৭	পণ্যবাহী মোটরযান ও রেজিস্ট্রেশন বিহীন মোটর সাইকেল ও সিএনজির বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা	পণ্যবাহী মোটরযানে বাস্পার এক্সেল ও হুক ইত্যাদি সহ রেজিস্ট্রেশন বিহীন, রুট পারমিট বিহীন মোটর সাইকেল, সিএনজি, বাস, ট্রাক এর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, অফিসার ইনচার্জ
০৮	পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা	পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল ব্যবসায়ীদের পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করার অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ ও বণিক সমিতি
০৯	জেনারেল সার্টিফিকেট মামলার ওয়ারেন্ট তামিল বৃদ্ধিকরণ	জেনারেল সার্টিফিকেট মামলার ওয়ারেন্ট তামিল বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থার একজন করে প্রতিনিধিকে এ বিষয়ে উদ্যোগী করা এবং অনিষ্পন্ন ওয়ারেন্ট মামলার তালিকা ধানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় করে তামিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, ব্যবস্থাপক জনতা (লিড ব্যাংক) বেলকুচি শাখা
১০	মুকুন্দগাতী বাজারের যানজট নিরসনে আলোচনা	মুকুন্দগাতী বাজারের যানজট নিরসনে রাস্তার উপর এবং সোহাগপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে অবস্থিত অপিকল্পিতভাবে গড়ে ওঠা দোকানপাট ও রিক্সা, ভ্যান বাজার বণিক সমিতি ও সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে একটি নির্দিষ্ট জায়গা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, নির্বাহী ম্যাজিস্ট্রেট, মেয়র, অফিসার ইনচার্জ, মুকুন্দগাতী বাজার বণিক সমিতি বেলকুচি শাখা
১১	ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা	ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও অফিসার ইনচার্জ

সভাপতি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অফিসার ইনচার্জ, বেলকুচি থানা ও উপজেলার গণ্যমান্য ব্যক্তি, রাজনৈতিক দলের নেতা কর্মী, জনপ্রতিনিধি ও সর্বস্তরের জনগণকে অনুরোধ জানান।

৪

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস.এম. হুসেইন রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

বেলকুচি, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বেলকুচি, সিরাজগঞ্জ

[belkuchi.sirajganj.gov.bd](http://belkuchi.sirajganj.gov.bd)

স্মারক নং- ০৫.৪৩.৮৮১১.০০১.৪৩.০০৪.১৭- ২২৪(৫০)

তারিখ: ২০/০২/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬-সিরাজগঞ্জ-৫
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ
- ৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ৫। প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ
- ৬। মেয়র, বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ
- ৭। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ
- ৮। অফিসার ইন চার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ
- ৯। উপজেলা . . . . . অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
- ১০। চেয়ারম্যান, . . . . . ইউপি (সকল), বেলকুচি, সিরাজগঞ্জ
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, বেলকুচি উপজেলা শাখা, বেলকুচি, সিরাজগঞ্জ
- ১২। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বেলকুচি উপজেলা কমান্ড, বেলকুচি, সিরাজগঞ্জ
- ১৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, . . . . . , বেলকুচি, সিরাজগঞ্জ
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বেলকুচি, প্রেসক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, দুর্নীতি প্রতিরোধ কমিটি, বেলকুচি, সিরাজগঞ্জ
- ১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ
- ১৭। জনাব/বেগম . . . . .
- ১৮। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১৯। অফিস কপি

(এস.এম. হুসেইন রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

বেলকুচি, সিরাজগঞ্জ